

# বিবিতে ছাত্রলীগ নেতাকে কুপিয়ে জখম, ৩ শিক্ষার্থী গ্রেপ্তার

বরিশাল অফিস



সংগৃহীত ছবি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) গণিত বিভাগের ছাত্র ও  
ছাত্রলীগ নেতা মহিউদ্দিন আহমেদ সিফাতকে হলে তুকে  
ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে ও পিটিয়ে জখমের ঘটনায় তিনি  
শিক্ষার্থীকে গ্রেপ্তার করেছে পুলিশ। বুধবার (১৫ জানুয়ারি)  
দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন বন্দর থানার ভারপ্রাপ্ত  
কর্মকর্তা (ওসি) আসাদুজ্জামান।

গ্রেপ্তারকৃতরা হলেন- বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আলীম  
সালেহী, রিয়াজ উদ্দিন মোল্লা ও শামীম সিকদার। তারা

সবাইও বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের পৃথক গ্রন্থপের নেতৃত্বে  
রয়েছেন।

ওসি আসাদুজ্জামান জানান, বিশ্ববিদ্যালয়ের হলে হামলার  
ঘটনার পর আহত শিক্ষার্থী মহিউদ্দিন আহমেদ সিফত বাদী  
হয়ে একটি মামলা করেছেন। মামলায় সাত জনের নাম  
উল্লেখ করে এবং আরো সাত থেকে আট জন  
অঙ্গাতব্যক্তিকে আসামি করা হয়েছে।

গোপন সংবাদের ভিত্তিতে শহরের বিভিন্ন জায়গায় অভিযান  
চালিয়ে তিন জনকে গ্রেপ্তার হয়েছে বলে বন্দর থানা পুলিশ  
জানিয়েছে। গ্রেপ্তারকৃতরা সিফাতের করা মামলার  
এজাহারভুক্ত আসামি।